ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৫৬২

আগরতলা, ২৭ আগস্ট, ২০২৫

**সাহস ও দক্ষতার দৃষ্টান্ত: মতাই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে সফল ব্রিচ প্রসব**




দক্ষিণ জেলার মতাই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে গত ২৫ আগস্ট এক জটিল ব্রিচ প্রেজেন্টেশন ডেলিভারি সফল ভাবে সম্পন্ন করে মা ও নবজাতকের জীবন রক্ষা করেছেন চিকিৎসকরা। রাজীবন পাড়ার বাসিন্দা ২৬ বছর বয়সী এক গর্ভবর্তী মহিলা তীব্র প্রসব যন্ত্রণা এবং রক্তক্ষরণ নিয়ে তার স্বামী আকাশ ত্রিপুরা এবং আশাকর্মী অবমালা ত্রিপুরার সঙ্গে ২৫ আগস্ট ভোর ৫ টায় মতাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পৌঁছান। প্রাথমিকভাবে সোনোগ্রাফি রিপোর্টে শিশুর অবস্থান স্বাভাবিক মনে হলেও হঠাৎ করেই দেখা যায় শিশুর একটি পা বেরিয়ে এসেছে। এটি একটি অত্যন্ত জটিল ও বিপজ্জনক পরিস্থিতি যা ব্রিচ প্রেজেন্টেশন নামে পরিচিত। যেখানে শিশুর মাথা উপরের দিকে এবং পা নিচের দিকে থাকে। সাধারণত, এমন পরিস্থিতিতে রোগীকে দ্রুত উন্নত চিকিৎসা কেন্দ্রে স্থানান্তরিত করা হয়। তবে, পরিবারের পক্ষ থেকে জানানো হয় যে, তাদের পক্ষে অন্য কোথাও যাওয়া সম্ভব নয়। এমন সংকটময় পরিস্থিতিতে, সীমিত সময় এবং অপ্রতুল পরিকাঠামোর মধ্যেও মতাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার ডাঃ পাইফরু মগ, সহকারী চিকিৎসক ডাঃ সুরজিৎ ভট্টাচার্য এবং নার্সিং অফিসার পক্ষদেবী জমাতিয়া দায়িত্ব হাতে নেন। তাঁদের সম্মিলিত অভিজ্ঞতা, ধৈর্য এবং অসাধারণ একটি দলগত সমন্বয়ের মাধ্যমে শুরু হয় জীবন বাঁচানোর এক দুঃসাহসিক অভিযান। দীর্ঘ দুই ঘণ্টার অক্লান্ত প্রচেষ্টার পর, সকাল ৭টা ৪০ মিনিটে জন্ম নেয় একটি সম্পূর্ণ সুস্থ পুত্র সন্তান, যার ওজন ছিল ২.৬ কেজি। বর্তমানে মা এবং নবজাতক উভয়েই সুস্থ আছেন এবং চিকিৎসকদের পর্যবেক্ষণে রয়েছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রেলিজে এই সংবাদ জানানো হয়েছে।

******